


পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ

(প্রেস বিভাগ)

মেদিনীপুর :: ৭২১১০১



Fax: (03222) 263597 :: Phone.- (03222) 275988 :: email – secy_pmzp@rediffmail.com :: website.- www.zpmidwest.org

টেন্ডার নোটিশ

জেলা পরিষদের ডায়াল ও ডায়েরী ২০১৯

ডায়েরীর কভার, ফটো, ম্যাপ (ফোর কালার ডিজিটাল), ডাটা ও ডায়াল (ফোন নং) সহ ছাপানো ও বাঁধানো।

উপরে উল্লিখিত বিষয়ে দক্ষ সংস্থা / ব্যক্তিদের কাছ থেকে সীল করা পৃথক পৃথক খামে দরপত্র আহ্বান করা হচ্ছে। ছাপানো ও বাঁধানো সহ প্রতি ডায়েরীতে (এক্সিকিউটিভ সাইজ) কভার পেজে জেলা পরিষদ থেকে দেওয়া ফটো অনুযায়ী ডিজাইন, ভিতরে আরও অনুমানিক ৪০টি ফটো, ৮৬ পেজ ডাটা ও ডায়াল এবং ডায়েরী থাকবে। ঐরূপ প্রত্যেক ডায়েরী সরবরাহ করার দর উল্লেখ করতে হবে।

নিম্নে দরপত্র গ্রহণের তারিখ ও শর্তাবলী উল্লেখ করা হল।

শর্তাবলী

১. দরপত্র গ্রহণের তারিখ ও সময়ঃ- ১৭ই ডিসেম্বর ২০১৮, (সোমবার), বেলা ৩.০০টা পর্যন্ত।
২. দরপত্র খোলার তারিখ ও সময়ঃ- ১৭ই ডিসেম্বর ২০১৮, (সোমবার), বেলা ৩.৩০টা।
৩. দরপত্র গ্রহণের জন্য বাক্স (Tender Box) পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ সচিব মহাশয়ের দপ্তরে রাখা থাকবে।
৪. সংস্থা তার নিজস্ব অফিস প্যাডে দর প্রদান করবেন।
৫. সংস্থার ট্রেড লাইসেন্স, GST রেজিস্ট্রেশন ও প্যান কার্ড এর জেরক্স কপি দরপত্রের সাথে জমা করতে হবে।
৬. মোট ৮০০ (আটশত) টি ডায়াল ও ডায়েরী ছাপা হবে।
৭. দরপত্রের সহিত ডায়েরীর নমুনা পেশ করতে হবে।
৮. কাগজের গুণগত মান বিবেচনা করে সন্তোষজনক হলে তবেই দরপত্রে উল্লিখিত মূল্য বিবেচনা করা হবে।
৯. জেলা পরিষদ কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত ডিজাইন অনুযায়ী সমস্ত কাজ সম্পূর্ণ করতে হবে।
১০. আগামী ২৪শে ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে ডায়াল ও ডায়েরীর সমূহ কাজ সম্পূর্ণ করে অফিসে সরবরাহ করতে হবে এবং এজন্য কোন পরিবহন ভাড়া পাওয়া যাবে না।
১১. কাজের গুণগতমান খারাপ হলে সংশ্লিষ্ট সংস্থা / ব্যক্তিকে কাজটি নিজ খরচে পুনরায় সঠিকভাবে করে দিতে হবে। সমস্ত কাজটি যথাযথভাবে সম্পূর্ণ করার পর জেলা পরিষদের নিয়মানুসারে বিল প্রদান সাপেক্ষে অর্থ প্রদান করা হবে।
১২. যে কোন দরপত্র গ্রহণ বা বর্জন করবার সার্বিক অধিকার জেলা পরিষদ কর্তৃপক্ষের আছে।

ভবদীয়

সচিব

৭/২২/১৮

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ

তারিখ - ০৭/২২/১৮

স্মারক নং ২৬-এ (৬) /প্রেস

বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য প্রেরণ করা হল

- জেলা শাসকের দপ্তর, পশ্চিম মেদিনীপুর।
- মহকুমা শাসক, মেদিনীপুর সদর, পশ্চিম মেদিনীপুর।
- চেয়ারম্যান, মেদিনীপুর পৌরসভা, মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর।
- জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।
- জেলা তথ্য বিশ্লেষক আপনাকে জেলা পরিষদের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ জানানো হল।
- অফিস নোটিশ বোর্ড

সচিব

৭/২২/১৮

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ

“মাঠে ঘাটে আর নয়, শৌচাগারেই শৌচ করব সবাই” “স্বাস্থ্যবিধান মেনে চলুন, নির্মল জেলা গড়ে তুলুন”